

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৬.২০২২. ৫১০


১৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৬ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব আবদুল আউয়াল, সিনিয়র শিক্ষক, রামগড় সরকারি উচ্চ বিদ্যালয়, রামগড়, খাগড়াছড়ি, প্রাক্তন গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, কোটবাড়ি, কুমিল্লা কর্মকালীন ৩১/০৩/২০২২ তারিখে স্কুল অডিটোরিয়ামে মাদক, ইভটিজিং ও বাল্যবিবাহ রোধ সচেতনতা মূলক একটি অনুষ্ঠানে প্রশ্নোত্তর পর্বে বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থী আয়েশা আক্তার (১০ম শ্রেণি, রোল; ক-৪৬) কর্তৃক আপনার বিরুদ্ধে ১৬/০৩/২০২২ তারিখে চট্টগ্রামের ফয়'স লেক ও পতেঙ্গা সী বীচে বিদ্যালয়ের বার্ষিক শিক্ষা সফরে যৌন হয়রানির অভিযোগ উত্থাপন হয়। এ বিষয়ে তদন্তের জন্য গত ০৪/০৪/২০২২ তারিখে প্রধান শিক্ষক জনাব মো: তাজুল ইসলাম বিদ্যালয়ের তিন জন সিনিয়র শিক্ষক জনাব সেলিনা পারভীন, জনাব জেসমিন হাসান ও জনাব ফারহানা পারভীন সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করেন। উক্ত কমিটি কর্তৃক তদন্তকালে আরও ০২ (দুই) জন শিক্ষার্থী সামিয়া ইসলাম (১০ম শ্রেণি, রোল:গ-০৪) ও রোকেয়া আক্তার (১০ম শ্রেণি রোল:ক-১০) আপনার বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ উত্থাপন করেন। প্রাপ্ত তথ্য প্রমাণের আলোকে তদন্ত কমিটি অভিযোগের সত্যতা পেয়েছেন মর্মে প্রধান শিক্ষকের নিকট প্রতিবেদন দাখিল করেন। প্রধান শিক্ষক তদন্ত প্রতিবেদন মহাপরিচালক, মাউশি বরাবর প্রেরণ করেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক, অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ-কে সরেজমিন তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করার অনুরোধ করেন। অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা তদন্ত শেষে প্রতিবেদন দাখিল করেন এবং প্রতিবেদনে অভিযোগের সত্যতা থাকায় মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেছেন;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উত্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

বর্তমান ঠিকানা:

জনাব আবদুল আউয়াল
সিনিয়র শিক্ষক, রামগড় সরকারি উচ্চ বিদ্যালয়, রামগড়, খাগড়াছড়ি।


অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব আবদুল আউয়াল, সিনিয়র শিক্ষক, রামগড় সরকারি উচ্চ বিদ্যালয়, রামগড়, খাগড়াছড়ি, প্রাক্তন গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, কোটবাড়ি, কুমিল্লা কর্মকালীন ৩১/০৩/২০২২ তারিখে স্কুল অডিটোরিয়ামে মাদক, ইভটিজিং ও বাল্যবিবাহ রোধ সচেতনতা মূলক একটি অনুষ্ঠানে প্রশ্নোত্তর পর্বে বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থী আয়েশা আক্তার (১০ম শ্রেণি, রোল; ক-৪৬) কর্তৃক আপনার বিরুদ্ধে ১৬/০৩/২০২২ তারিখে চট্টগ্রামের ফয়'স লেক ও পতেঙ্গা সী বীচে বিদ্যালয়ের বার্ষিক শিক্ষা সফরে যৌন হয়রানির অভিযোগ উত্থাপন হয়। এ বিষয়ে তদন্তের জন্য গত ০৪/০৪/২০২২ তারিখে প্রধান শিক্ষক জনাব মো: তাজুল ইসলাম বিদ্যালয়ের তিন জন সিনিয়র শিক্ষক জনাব সেলিনা পারভীন, জনাব জেসমিন হাসান ও জনাব ফারহানা পারভীন সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করেন। উক্ত কমিটি কর্তৃক তদন্তকালে আরও ০২ (দুই) জন শিক্ষার্থী সামিয়া ইসলাম (১০ম শ্রেণি, রোল:গ-০৪) ও রোকেয়া আক্তার (১০ম শ্রেণি রোল:ক-১০) আপনার বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ উত্থাপন করেন। প্রাপ্ত তথ্য প্রমাণের আলোকে তদন্ত কমিটি অভিযোগের সত্যতা পেয়েছেন মর্মে প্রধান শিক্ষকের নিকট প্রতিবেদন দাখিল করেন। প্রধান শিক্ষক তদন্ত প্রতিবেদন মহাপরিচালক, মাউশি বরাবর প্রেরণ করেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক, অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ-কে সরেজমিন তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করার অনুরোধ করেন। অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা তদন্ত শেষে প্রতিবেদন দাখিল করেন এবং প্রতিবেদনে অভিযোগের সত্যতা থাকায় মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেছেন;

জনাব আবদুল আউয়াল, সিনিয়র শিক্ষক, রামগড় সরকারি উচ্চ বিদ্যালয়, রামগড়, খাগড়াছড়ি এর উক্তবুপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


০৬/০৪/২০
(সোলেমান খান)
সচিব